


নতুন সাজে অ্যাড্জ হাসপাতাল



সৌমিত্রা, শ্রাবণী, অজিত : নতুন করে শুরু হল দীনবন্ধু অ্যাড্জ মেমোরিয়াল হাসপাতাল। ৩ জানুয়ারি হাসপাতালের দ্বার উদঘাটন করলেন নোবেল জয়ী অর্থনীতিবিদ অধ্যাপক অমর্ত্য সেন। সেদিন হাসপাতালের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশ্বভারতীর উপাচার্য অধ্যাপক সুশান্ত দত্তগুপ্ত এবং প্রোভোস্ট অধ্যাপিকা সব্জকলি সেন। প্রধানত শ্রীনিকেতনবাসীর চিকিৎসার কথা মাথায় রেখে নতুন করে অ্যাড্জ হাসপাতালকে সাজিয়ে তোলার প্রতিশ্রুতি দিলেন বিশ্বভারতী কর্তৃপক্ষ। স্বল্প দৈর্ঘ্যের এই উদ্বোধনী অনুষ্ঠানে প্রোভোস্ট সব্জকলি সেনের ভাষণে উঠে এল এই হাসপাতালের ছোট ইতিহাস এবং শ্রীনিকেতনবাসীর কাছে এই হাসপাতালের গুরুত্ব। এই হাসপাতালের সংস্কারের ফলে শ্রীনিকেতনবাসীর যে প্রভূত সুবিধা হবে, সে বিষয়ে কোন সন্দেহ নেই।

Re-release of Visva-Bharati News

23 December 2014

VISVA-BHARATI
NEWS



Amrita, Riya : Visva-Bharati News was published on 24 December 2014, after a long gap with new fervor. Visva-Bharati news was first published by Rabindranath Tagore in July 1932. It chronicled the various activities and developments in Visva-Bharati. ...page 3

CJMC Student Shines at National Youth Fest

Lokesh, Sagarika : Subhrajee Ganguly, a final year Master Degree student of CJMC, excelled at the 30th National Youth Festival by securing the 4th position in the mimicry category among ten finalists from all over India. Previously he had attained the first position in the Eastern Zone. This event was organized by the Ministry of Youth Affairs and Sports. It was hosted by Devi Ahilya Visvavidyalaya, Indore, Madhya Pradesh.

Sk. Hasina Approves the Bangladesh-Bhavana Design

CJMC Bureau : Bangladesh Prime Minister Sheikh Hasina approves the design for the Bangladesh-Bhavana, to be built in Visva-Bharati, after minor changes. The approved design was handed over to the Vice Chancellor, Prof. Sushanta Dattagupta by the Deputy High Commissioner of Bangladesh, Mr. Zokey Ahad at Ratan Kuthi on 13 February. The design that was sent to Bangladesh was made by the National Buildings Construction Corporation Ltd. (Ministry of Urban Development, Government of India) on behalf of Visva Bharati. As of now, the Bangladesh-Bhavana is envisaged to be a two storeyed building of 7000 sq. ft. area on each floor, in a plot of land that has been allotted by the university near the Indira Gandhi Centre. Mr. Zokey Ahad also informed that the Bangladesh Government



Photo : CJMC Bureau

has sanctioned 30 crore for the fruitful completion of this project. In this meeting, a joint proposal for building an auditorium was also discussed.

Last year Prime Minister Hasina had sent in her International Affairs advisor Dr. Gowher Rizvi to Visva-Bharati to finalise the details regarding the location and design for the Bhavana that would be the focal point for scholars involved in research and studies related to Bangladesh. After receiving such support and encouragement from the Bangladesh Government, Visva-Bharati is looking forward to start work on the construction of the Bhavana very soon.

Apart from building ties between the university and the Bangladesh Government, this project would also help in building a strong bilateral relation between the two countries.

পুরনো ব্যবস্থাই বহাল ভর্তির ক্ষেত্রে


সৌমিত্রা, শ্রাবণী, অমর্ত্য : বিশ্বভারতীতে অভ্যন্তরীণ ছাত্রছাত্রীদের সরাসরি ভর্তির ব্যবস্থা থাকছে আগের মতই। দীর্ঘ প্রায় তিনমাস ব্যাপী বিভিন্নভাবে লাগাতার আন্দোলনের পর ভর্তিব্যবস্থার পুরোনো নিয়ম পুনর্বহাল হয়েছে। এই দাবিতে ২৪ নভেম্বর, ২০১৪ তারিখে প্রথম আন্দোলন শুরু হয়, বিভিন্ন সময়ে বিভিন্ন রূপ ধারণ করেছে এই আন্দোলন। পাঠভবন ও শিক্ষাসত্রের ছাত্র-ছাত্রীদের দ্বারা শুরু হওয়া এই আন্দোলন, কালক্রমে সমর্থন পায় অভিভাবক, কর্মী ও অধ্যাপকদের একাংশের। বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের একাংশও এই আন্দোলনের সাথে যুক্ত থেকেছে। বিভিন্ন সময়ে আন্দোলন কখনো পৌষমেলা, কখনো মাঘমেলায় ছন্দপতন ঘটিয়েছে। উপাচার্যের

কার্যালয়ে কিংবা তাঁর বাংলোতে রাত জেগে ঘন্টার পর ঘন্টা ছাত্র-অভিভাবক-কর্মী-অধ্যাপকদের একাংশ ঘেরাও করেছেন; মিছিল করেছেন দাবী আদায়ের লক্ষ্যে। শান্তিনিকেতনে উধাও হয়েছে শান্তি। বিশ্বভারতী হয়েছে অচল। অরাজকতা কাটাতে কর্তৃপক্ষ মেনেছেন আন্দোলনকারীদের দাবী। দীর্ঘ ৫৩ ঘন্টা ঘেরাও থাকার পর ৮ ফেব্রুয়ারি রাতে উপাচার্য অধ্যাপক সুশান্ত দত্তগুপ্ত জানিয়ে দেন অভ্যন্তরীণ ছাত্রছাত্রীদের ভর্তির ব্যাপারে আগের ব্যবস্থা বলবৎ থাকছে। তবে তিনি এও জানিয়ে দেন সরকারের সংরক্ষণ নীতি মেনেই ভর্তি নেওয়া হবে। এরপরেই প্রত্যাহার করে নেওয়া হয় আন্দোলন। স্বাভাবিক ছন্দে ফেরে বিশ্বভারতী।

উপাচার্যকে আমন্ত্রণ বাংলাদেশ রাষ্ট্রপতির

দেবায়ন, অঞ্জনা : বিশ্বভারতী তথা উপাচার্যের হৃদয়তায় আপ্ত বাংলাদেশের রাষ্ট্রপতি মহঃ আব্দুল হামিদ। দেশে ফিরেই নিজ দেশে আমন্ত্রণ জানান উপাচার্য অধ্যাপক সুশান্ত দত্তগুপ্তকে। গত ২৩ ডিসেম্বর, পৌষমেলায় প্রথম দিনেই বিশ্বভারতীতে আসেন রাষ্ট্রপতি। সেই সময় বিশ্বভারতীতে চলতে থাকা আন্দোলনের জেরে অধ্যাপক সুশান্ত দত্তগুপ্তের সঙ্গে মাত্র ৫ মিনিটের জন্য রাষ্ট্রপতির সাক্ষাৎ হয়েছিল। কিন্তু সময়ের স্বল্পতা হৃদয়ের মেলবন্ধনে কিছু বই।

বাধা হয়ে দাঁড়াতে পারেনি। তারই প্রমাণ রাষ্ট্রপতির দপ্তর থেকে উপাচার্যকে পাঠানো চিঠিতে উপাচার্যের পাশাপাশি রবীন্দ্রভবনের প্রধান, প্রোভোস্ট তপতী মুখোপাধ্যায়ের প্রতিও সক্রিয় শ্রদ্ধা প্রকাশ করেছেন তিনি। গত ৮ জানুয়ারি, ২০১৫ সালে রাষ্ট্রপতির দপ্তর থেকে উপাচার্যকে এই চিঠি পাঠানো হয়েছে। শুধু চিঠিই নয় তার সাথে বাংলাদেশের রাষ্ট্রপতি উপাচার্যের



Amartya Sen Inaugurates Rabindra Sangit Research Centre

Indrani, Khayam, Bishakha : Amartya Sen inaugurated the Rabindra Sangit Research Centre (*Rabi Bitan*) on 26 December 2014. Prof. Indrani Mukherjee, Provost, SNN & U and Chief Co-ordinator of the Research Centre, talked about the growing interest in the subject of Rabindra Sangit which led them to establish this centre. Last year the Bhavana started a 'Centre for Esraj' and also a course on *Rabindra-Nritya*. The Rabindra Sangit Research Centre is also another effort in this direction by Sangit-Bhavana. Apart from Rabindra Sangit, the Centre will also store information on western music. This is an initiative to

introduce the Sangit Bhavana students to world music culture. The Centre will catalogue information based on various musical projects in India and archive them, that will be beneficial to the PhD and M.Phil scholars and the connoisseurs of classical music. Recently Prof. Mukherjee along with a few Sangit Bhavana scholars successfully completed their recording project at HMV studio, Kolkata on *Balmiki Pratibha*. Amartya Sen in his speech mentioned the importance of this research centre since it hails to be one of its kind due to its innovative approach to Rabindra Sangit.

Steps to Prevent Harassment of Students from the North East

Raktim, Supriti, Monami : Recently a few rules and regulations have been set up keeping in mind, the safety and security of all the students, especially those who come from Darjeeling, Kalimpong and the North Eastern States. After the unfortunate incident of a girl student of Kala-Bhavana from Sikkim, the university has taken several measures to prevent such incidents from happening in future. At the institutional level, a few guidelines have been implemented, such as setting up of a gender sensitization cell, students grievance cell, anti-ragging committee, mentoring system and debarring of senior students

from the admission test venue. Apart from the implementation of such rules, a self defence campaign on karate for girls is also being conducted in Sriniketan. Prof. Samit Roy has been appointed as the new Proctor to address upon the grievances of the students. In the plight of the recent incidents, a committee consisting of senior women faculties with the rank of the Provost and the members of the Executive Council was constituted to look into the matter relating to the counselling of students on these issues. All faculty members have also been advised to report any kind of sexual harassment ...page 3

রবীন্দ্রসঙ্গীত ও শাস্ত্রীয় সঙ্গীতে বসন্তের বন্দনা

দেবায়ন, অংশুমান, বিশাখা : প্রত্যেক বারের মতো এবছরেও বিশ্বভারতীর আশ্রম মাঠেই অনুষ্ঠিত হচ্ছে বসন্ত উৎসব বিশ্বভারতী কর্মিপরিসদের ব্যবস্থাপনায়। কর্মিপরিসদের যুগ্ম সম্পাদক সৌগত সামন্ত জানিয়েছেন যে দর্শক নিরাপত্তার দিকে আরও বেশি করে জোর দেওয়াই এবারের লক্ষ্য। আশ্রম মাঠ সংলগ্ন গৌর প্রাঙ্গন, শালবীথি প্রভৃতি স্থানকেও এবার নিরাপত্তার আওতায় মুছে ফেলা হয়েছে। তিনি আরও জানিয়েছেন যে দর্শক নিরাপত্তার পাশাপাশি দর্শক স্বাস্থ্য এবং শৃঙ্খলা রক্ষা করার দিকে প্রতি বারের



ছবি : সি.জে.এম.সি. ব্যুরো

মতো এবারও বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে। সকালে 'ওরে গৃহবাসী' ডাকে কাঠি নাচের ছন্দে মূল অনুষ্ঠান শুরু হয়। আছে সারাদিন ব্যাপী মূল মধ্যে বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজনও। সন্ধ্যায় সঙ্গীত ভবনের বিশেষ উপস্থাপনা রবীন্দ্রনাথের 'বসন্ত'। কর্মিপরিসদের সাংস্কৃতিক শাখার যুগ্ম সম্পাদিকা অধ্যাপিকা ডঃ মানিনী মুখোপাধ্যায় আগেই জানিয়েছিলেন গত সন্ধ্যায় অনুষ্ঠানের বিশেষত্বের কথা— রবীন্দ্র সঙ্গীত ও শাস্ত্রীয় সঙ্গীতের সমাহারে বসন্তের বন্দনা।

Selling Our Labor vs. Selling Our Souls

CJMC Bureau : Magsaysay award winning journalist P. Sainath had created quite a stir when he visited Visva-Bharati last time in January last year. This time around, the audience was equally mesmerised by his insightful speech covering all the aspects of the media business and the ills of corporatisation of media. The special lecture session was organized by the Centre for Journalism and Mass Communication on 28 November 2014 at the Central Library Conference Hall. This lecture was presided over by the Vice-Chancellor, Prof. Sushanta Dattagupta and he was equally enthused by Sainath's deliberation.

Drawing upon his personal



Photo : Pousita

experiences, Sainath talked about the pressure journalists face, once they step out of media schools into the world of journalism. He said that a firm basis on media ethics is

imperative to counter this pressure.

He said that at every step there will be a choice that would be very difficult to make, on one hand would be the lure of

fame and financial security and on the other would be a very tough road laid with various insecurities. Further, he also talked about the rich tradition of Indian journalism, whose roots lie in the struggle of the freedom movement against the British Raj. If anything, we should be inspired by our rich tradition of media ethics and thus take the right decision based on the same instead of selling our souls. The lecture was followed by an interactive question answer session where the students had a one to one interaction with Sainath. A concluding speech was delivered by Prof. Dattagupta with a promising note on more such lecture sessions that will follow in the days to come.

Governor Visits Visva-Bharati

Sunipa, Sagarika, Sanjana, Debayan : The newly elected Governor of West Bengal Shri Kesharinath Tripathi visited Visva-Bharati to inaugurate the new highly modernised swimming pool for the students of Visva-Bharati at the Physical Education Department of Vinaya-Bhavana on 13 November 2014. He also inaugurated the new Integrated Science Building of Siksha-Bhavana. The inauguration of the swimming pool took place in the presence of honourable Vice-Chancellor Prof. Sushanta Dattagupta. It was announced that the swimming pool will be open from the coming summer semester. The programme concluded with the Vice-Chancellor's speech followed by the Ashram Sangit.

দেবেন্দ্রস্মৃতির নতুনরূপ — মহর্ষি কক্ষ

অর্চিস্মান, রিয়া ভট্টাচার্য, রিয়া দে : গত ৭ই পৌষ, ১৪২০ শান্তিনিকেতন গৃহের দেবেন্দ্র কক্ষের নতুন নামকরণ করা হয় মহর্ষি কক্ষ। শুধু নতুন নামকরণই নয়, দেবেন্দ্রনাথের স্মৃতি বিজড়িত কিছু নতুন তথ্য প্রদর্শন করে সমৃদ্ধ করা হল এই গৃহকে।

শান্তিনিকেতনে তৈরি প্রথম বাড়ি হল এই শান্তিনিকেতন গৃহ। মহর্ষি দেবেন্দ্রনাথ ও দ্বিজেন্দ্রনাথ ঠাকুরের স্মৃতি বহনকারী এই গৃহকে নতুন করে সাজিয়ে তোলা হয়েছে। এরপর থেকেই শান্তিনিকেতনের অন্যতম দর্শনীয় স্থান হয়ে ওঠে এই শান্তিনিকেতন গৃহ। গত ৭ই পৌষ এই গৃহের অন্তর্গত দেবেন্দ্রকক্ষের আনুষ্ঠানিকভাবে নামকরণ করা হয় মহর্ষিকক্ষ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন

উপাচার্য অধ্যাপক সূশান্ত দত্তগুপ্ত, কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক সুরঞ্জন দাস এবং অন্যান্য অতিথিবৃন্দ। প্রোভোস্ট অধ্যাপিকা তপতী মুখোপাধ্যায় জানান, “শান্তিনিকেতন গৃহ মহর্ষি দেবেন্দ্রনাথের হাতে গড়া, যা পরবর্তীকালে ব্রহ্মচার্য আশ্রম হয়েছিল। তারপর এখানেই তিনি ব্রহ্মচার্য বিদ্যালয়ের সূত্রপাত করেন। মহর্ষি কক্ষ তৈরি করে ওঁকে সম্মান প্রদান করা হয়েছে।”

মহর্ষি কক্ষ দেবেন্দ্রনাথ ঠাকুরের নিজহাতে আঁকা অসাধারণ কিছু ছবি, রবীন্দ্রনাথ ঠাকুরকে লেখা পত্রসামগ্রী অতিথ্যে সঞ্চিত আছে। অনেকরকম সংস্কৃত শ্লোক দিয়ে এই কক্ষ এবং গোটা আশ্রমকে বর্ণনা করা হয়েছে যা এই কক্ষের আকর্ষণকে দর্শকদের কাছে বাড়িয়ে তুলেছে।



ছবি : বহিঃশিক্ষা

‘রবীন্দ্রনাথ এন্ড লক্ষ্মীনাথ : পার্সোনালিটি এন্ড রিলেশন’— ভাষাভবনের অসমিয়া বিভাগ, রবীন্দ্রভবন ও রবীন্দ্রসঙ্গীত গবেষণা কেন্দ্রের উদ্যোগে গত ২০ ফেব্রুয়ারি আয়োজিত এই শীর্ষক আলোচনায় উপস্থিত ছিলেন ভাষাভবনের অধ্যক্ষ অধ্যাপক রামেশ্বর মিশ্র, গুয়াহাটি বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন অধ্যাপক উষারঞ্জন ভট্টাচার্য, বিশ্বভারতীর উপাচার্য অধ্যাপক সূশান্ত দত্তগুপ্ত, রবীন্দ্রভবনের প্রধান অধ্যাপিকা তপতী মুখোপাধ্যায় এবং বাংলা বিভাগের অধ্যাপক অমল পাল (বাঁ দিক থেকে)।

VC meets Foreign Students

Sramana, Priya, Srawani : This year on 16 January, Vice Chancellor Prof. Sushanta Dattagupta met all the foreign students of Visva-Bharati. In the meet the foreign students spoke about the issues they are facing in the campus. Along with the VC, the Registrar Dr. D. Gunasekaran, Provosts- Prof. Tapati Mukherjee, Prof. Sabujkoli Sen, Prof. Indrani Mukherjee, all Principals and the Foreign Students' Advisor Prof. Aruna Mukherjee listened to the issues of the students at length.

দু-দিন ব্যাপী কবিতা উৎসব

সৌমিত্রা, দেবায়ন, শ্রাবণী : শান্তিনিকেতনে সম্বর্ধিত হলেন বাংলাদেশের প্রখ্যাত কবি সৈয়দ শামসুল হক। আবুজিলোক-এর উদ্যোগে বিশ্বভারতী, সাহিত্য অ্যাকাডেমি এবং সংস্কৃতি মন্ত্রক, ভারত সরকারের সহযোগিতায় কবিতা উৎসবের আয়োজন করা হয়েছিল। গত ১৪ — ১৫ ফেব্রুয়ারি, এই দুদিন বিশ্বভারতীর লিপিকা প্রেক্ষাগৃহের দর্শক মুগ্ধ হয়েছিল এপার বাংলা, ওপার বাংলার বিভিন্ন খ্যাতিমান কবিদের রোমাঞ্চকর কবিতার সমারোহে।

অনুষ্ঠানের প্রথম দিনে উদ্বোধনী ভাষণে বিশ্বভারতীর উপাচার্য সূশান্ত দত্তগুপ্ত বলেন যে, বাংলা ভাষাটাকে মনে হয় বাংলাদেশই বাঁচিয়ে রেখেছেন। তারপর শুরু হয় কবিতা পাঠ ও আবৃত্তির এক অপূর্ব আবহাওয়া। কবিতা পাঠ করেন মুখ্য অতিথি কবি সৈয়দ শামসুল হক। সেই আসরে শ'খানেক শ্রোতাদের প্রায় ঘণ্টাখানেক শব্দমোহে বন্দী করেছিলেন অমিতাভ চৌধুরী, কৌন্তভমণি শইকিয়া ও দুই বাংলার অন্যান্য

বিশিষ্ট কবিদের কবিতাপাঠ। প্রথমদিনের অনুষ্ঠানের সমাপ্তি হয় ভায়োলিন ব্রাদার্স-এর সুরের আবহে সৌমিত্র মিত্র, অমর্ত্য মুখোপাধ্যায়ের কণ্ঠে প্রখ্যাত কবিদের কবিতা পাঠের মধ্যে দিয়ে।

অনুষ্ঠানের দ্বিতীয় দিনে কবি সৈয়দ শামসুল হক-এর হাতে উপহার তুলে দেন কবি অমিতাভ চৌধুরী এবং কবিকে রৌপ্যস্মারক তুলে দেন রবীন্দ্রভবনের অধ্যক্ষ তপতী মুখোপাধ্যায়। এইদিন কবিতাপাঠ ও আবৃত্তির রাশ ধরেন সৈয়দ আল ফারুক, শ্রীলেখা চট্টোপাধ্যায়ের মত আরও অন্যান্য কবিরা, এদিনের মুখ্য আকর্ষণ ছিল, বিখ্যাত আবৃত্তিকার ব্রততী বন্দ্যোপাধ্যায়ের কবিতা পাঠ। সর্বশেষে পরিসমাপ্তির প্রাকমুহুর্তে আবুজিলোক-এর শিল্পীদের পরিচালনায় অপূর্ব নৈপুণ্যের সাথে পরিবেশিত হয় শক্তি চট্টোপাধ্যায়ের ‘শীত ও বসন্তের সংলাপ’ কবিতা অবলম্বনে একটি কবিতা আলোচনা।

আন্তর্জাতিক নাট্যোৎসব

অর্চিস্মান, ঠৈয়াম : শান্তিনিকেতনে হয়ে গেল আন্তর্জাতিক নাট্যোৎসব। লিপিকা মঞ্চে অনুষ্ঠিত এই নাট্যোৎসবে শ্রীলঙ্কা ও বাংলাদেশের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন। বিশ্বভারতীর কর্ম পরিষদ ও হ্যাপেনিংস কলকাতার যৌথ

উদ্যোগে আয়োজিত হয় এই দুই দিনের নাট্যোৎসব। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশ্বভারতীর প্রোভোস্ট অধ্যাপিকা তপতী মুখোপাধ্যায়, প্রোভোস্ট অধ্যাপিকা ইন্দ্রাণী মুখোপাধ্যায় এবং হ্যাপেনিংস কলকাতার প্রধান ভি. জি. আয়ঙ্গার। প্রোভোস্ট অধ্যাপিকা তপতী মুখোপাধ্যায় তাঁর বক্তব্যে উল্লেখ করেন বাংলাদেশ ও শ্রীলঙ্কার সাথে বিশ্বভারতীর সাংস্কৃতিক আদান প্রদান আরও সুদৃঢ় হবে এই উৎসবের মাধ্যমে। ১৬ ফেব্রুয়ারি উৎসবের প্রথম দিন শ্রীলঙ্কার পেরাদেনিয়া বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রী ও অধ্যাপকদের উপস্থাপনায় এবং ডঃ কাঞ্চলা ধর্মসিরির পরিচালনায় রবীন্দ্রনাথ ঠাকুরের ছোট গল্প ‘সুভা’ অবলম্বনে তৈরি নাটক “সুভা” মঞ্চস্থ হয়। অভিনব কোরাস,

সঙ্গীত, শব্দ-প্রয়োগ, আলোক সম্পাত ও দক্ষ পরিচালনায় নাটকটির মাধ্যমে ফুটে ওঠে আধুনিক সভ্যতা এবং প্রকৃতির মধ্যে ঘটে চলা রোজকার সংঘাতের বিষয়টি। এই নাটকে অতিশব্দের বিভিন্ন কৌশল ছিল


নজরে পড়ার মতো। ১৭ ফেব্রুয়ারি ছিল নাট্যোৎসবের শেষ দিন। এই দিনে উপস্থিত ছিলেন বিশ্বভারতীর সহ উপাচার্য অধ্যাপক স্বপনকুমার দত্ত। এদিন রবীন্দ্রনাথ ঠাকুরের গল্প ‘তোতাকাহিনী’ অবলম্বনে তৈরি নাটক মঞ্চস্থ করে বাংলাদেশের জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়ের নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ। ডঃ ইউসুফ হাসান অর্ক-র দক্ষ পরিচালনায় প্রতিটি শিল্পী ও কলাকুশলীর অনবদ্য অভিনয় দর্শকদের মন ছুঁয়ে যায়। ‘থার্ড থিয়েটার ফর্ম’ এবং তার সাথে ব্রেখট থিয়েটারের অভিনব মিলন ছিল চোখে পড়ার মতো। এই দুই নাটকে বিভিন্ন ভাবে রবীন্দ্রনাথকে উপস্থাপনা করার প্রয়াস দর্শককে গভীরভাবে ভাবিয়েছে।



ছবি : সঞ্জনা

Seminar on Mahakavi Bharatiar

CJMC Bureau : The Centre for Women's Studies organised a seminar on “Mahakavi Bharatiar and the Question of Women's Empowerment” to commemorate the birth anniversary of the great Tamil poet Subramania Bharati on 11



December, 2014 at New Bhasa-Vidya Bhavana conference hall. The seminar was presided over by Dr. D. Gunasekaran, the Registrar, Visva-Bharati. Dr. Nilanjana Bhattacharya, Centre for Comparative Literature presented excerpts from the writings of Dr. Sourav Chakraborty, Assistant Professor in the Bengali Unit of the International School of Dravidian Linguistics,

Thiruvananthapuram, Kerala on ‘Subramania Bharati and Empowerment of Women.’ In her presentation, she highlighted his advocacy for gender equality in the society. Prof. Manju Rani Singh, Hindi Bhavana, Visva-Bharati presented two poems composed by Bharati on empowering women.

Mr. Senthil Prakash S., Department of Tamil, Bhasa Bhavana, Visva-Bharati presented excerpts from Bharati's poems composed in Tamil to uphold his incessant struggle towards creation of a society free from all forms of inequalities based on caste, class and gender.

from page 1...

Students from the North East

incident directly to the Internal Complaints Committee (ICC) of the university.

Apart from all these, a special database is being maintained for students hailing from the North East. Periodically meetings are being held to address their problems. The Vice-Chancellor has constituted an advisory committee for looking into hostel related affairs and to regularly monitor the activity

of the hostels. Along with these, the university has made it compulsory for all boarders to eat dinner in the newly renovated general kitchen. This decision was taken to ensure that all the students stay within the safe premises of the university instead of venturing out at night. Further steps will be taken in future to ensure safety and security for the students to curb untoward incidents in the campus area.

Painting Exhibition

Susmita, Bahnisikha : On the occasion of the 91st birthday of K.G. Subramanyan, an art exhibition was held at the Nandan Art Gallery from 5–11 Feb. It was organised jointly by Kala-Bhavana and the Seagull Foundation for Arts, New Delhi. This exhibition was inaugurated by the Vice-Chancellor, Prof. Sushanta Dattagupta. Around 80 new paintings on modern art were exhibited here.

New Initiatives in Sangit Bhavana

CJMC Bureau : Since November 2014, Sangit Bhavana has taken up a few innovative initiatives. Prof. Sabyasachi Sarkhel, Principal, Sangit Bhavana informed that they are organizing a *Sangit Sabha* on a regular basis. In this *sabha*, students and teachers of the Bhavana perform once a month. On 8 March, Mohan Singh Khangura will give a solo musical performance in the *sabha*. Another new initiative is the regular presentations of the research scholars of the Bhavana.

from page 1...

VB News

The Joint Editors of the new edition of Visva-Bharati News are Prof. Tapati Mukherjee, Provost and In-charge of Rabindra-Bhavana and Prof. Aruna Mukherjee, Director of Indira Gandhi Centre. This volume records some memorable events and a few important information regarding the university.

Visva-Bharati Welcomes Pro Vice Chancellor



Sanjana, Sagarika : On 31 January 2015, Mr. Swapan K. Datta, Former Deputy General of Crop Science in Indian Council for Agriculture Research, New Delhi joined as the Pro Vice-Chancellor of Visva-Bharati. The new Pro Vice-Chancellor who had served in Visva-Bharati in 1979 as lecturer in the Botany Department said, "modernization in agriculture must be incorporated and if I could do a little bit of that in Sriniketan with all my experiences that would be most delighting and satisfying."

দর্শক চাহিদায় বৃদ্ধি পেল কলাভবন প্রদর্শনীর সময়সীমা

সুমিত্রা, বহিঃশিক্ষা : নন্দনমেলার আগের দিন থেকে শুরু হওয়া কলাভবন চিত্রপ্রদর্শনীর সময়সীমা বাড়তে হ'ল দর্শক চাহিদার চাপে। গত ৩১ ডিসেম্বর এই প্রদর্শনী শেষ হওয়ার কথা থাকলেও, দর্শক সমাগম বৃদ্ধি পাওয়ায় সময়সীমা এক মাস বাড়ানো হয়েছিল বলে জানিয়েছেন কলাভবনের কিউরেটর সুশোভন অধিকারী। রবীন্দ্রনাথ ঠাকুর, অবনীন্দ্রনাথ ঠাকুর, রামকিঙ্কর বেইজ প্রমুখ প্রথিতযশা মানুষের চিত্র ছিল এই প্রদর্শনীর মূল আকর্ষণ। এছাড়াও গত ১৭ জানুয়ারি থেকে ২১ জানুয়ারি পর্যন্ত কলাভবনে একটি কর্মশালার আয়োজন করা হয়েছিল যাতে ছাত্র-ছাত্রী এবং অধ্যাপকেরা সক্রিয় অংশ গ্রহণ করেন। এই কর্মশালায় প্রস্তুত বিভিন্ন শিল্প সামগ্রীও প্রদর্শনীর শেষ ভাগে প্রদর্শিত হয়। বিখ্যাত শিল্পীদের পাশাপাশি ছাত্র-ছাত্রীদের তৈরি এই সকল শিল্পদ্রব্যও দর্শকদের প্রশংসা লাভ করেছে বলে জানান সুশোভন বাবু।

Contemporary Indian Media & Ethics

Sagarika, Lokesh : An interactive session on the topic 'Contemporary Indian Media and Ethics' was held at the Conference Hall of Indira Gandhi Centre by Centre for Journalism and Mass Communication, on 19 January 2015. Dr. Chandan Mitra, Proprietor and Managing Editor of The Pioneer, Delhi




Photo : Anjanabha

and Hon'ble Member of Rajya Sabha, was the speaker in the session. Dr. Mausumi Bhattacharyya, Head, CJMC introduced the speaker and welcomed the gathering. The session was presided over by the Vice-Chancellor, Prof. Sushanta Dattagupta. Dr. Chandan Mitra in his

speech emphasized upon maintaining ethics in journalism at work places and stressed upon the need to practice fair journalism against all odds.

When asked about the uniqueness of Visva-Bharati compared to the other universities under the University Grants Commission, Mitra said that he agreed with the opinion and he thinks

that Visva-Bharati definitely has a heritage that it should be proud of. In his deliberation and interaction with the audience he talked about his illustrious career and his experiences as a journalist. The audience asked interesting questions which were answered with wit by him.

পৌষমেলায় বন্যাদুর্গত কাশ্মীরিদের ছাড়

অমৃতা, অনুশ্রী : বন্যা দুর্গত কাশ্মীরিদের ছাড় মিলল শান্তিনিকেতনের পৌষ মেলাতেও। সম্প্রতি কাশ্মীরে বিপর্যয়ের কথা মাথায় রেখে পৌষমেলা কর্তৃপক্ষ কাশ্মীর থেকে স্টল নিয়ে আসা দোকানিদের বিনামূল্যে জায়গা দিয়েছেন। রাজ্য বা কেন্দ্রের কোনো রকম আর্থিক সাহায্য না পাওয়া পৌষমেলার মূল আয় স্টলের জায়গা ভাড়া থেকেই। এই ছাড় দিয়ে মানবিকতার বার্তাই দিয়েছেন মেলা কর্তৃপক্ষ, এমনটাই দাবি শান্তিনিকেতন জনকল্যাণ অফিস পরিষদের সম্পাদক অনিল কোজারের। তাঁর বক্তব্য শুধু কাশ্মীরিদের জন্যই নয়, দুঃস্থ হস্তশিল্পীদেরও কাছ থেকে নেওয়া হয়নি কোনো টাকা। তবে

গতবারের চেয়ে মেলার খরচ বেড়ে যাওয়ায় স্টলের ভাড়াও এবার বাড়ানো হয়। তিনি জানান মেলা থেকে উদ্ধৃত্ত আয় ব্যবহার করা হবে বিভিন্ন জনকল্যাণমূলক কাজে।

বহুজাতিক সংস্থাগুলো তাদের পণ্য বা পরিষেবার প্রচারের জন্য হাজির ছিলেন প্রতিবারের মতোই। কুমোর পাড়ার হাঁড়ি বোঝাই গরুর গাড়ি নিয়ে বাজি পোড়ানোর পাশের মাঠে হাজির ছিলেন গ্রামীণ মানুষও। পৌষমেলা মানেই বিশ্বভারতী প্রান্তিকীদের যেন পুনর্মিলনক্ষেত্র। দেশ বিদেশ থেকে অনেকেই তাই ভিড় জমান এই পৌষমেলায়। কালোর দোকান, সৌজুতির মত আড্ডার স্টলে অনেকেই খুঁজে ফিরেছেন চেনামুখ।

নোবেলজয়ী অর্থনীতিবিদ অমর্ত্য সেনও হয়তো এই টানেই হাজির ছিলেন পৌষমেলায়। এ ধরণের সব আড্ডাতেই উঠে এসেছে পৌষমেলার একাল সেকাল নিয়ে নানা আলোচনার পাশাপাশি পুরোনো দিনের কথা।

চেনা সুর নিয়ে হাজির ছিলেন চেনা, অচেনা বাউল ফকিরের দল। তবে খোলামেলা পৌষমেলায় মাঝে মাঝেই সুর কেটেছে অজানা আতঙ্ক। বর্ধমানের খাগড়াগড় কাণ্ডের ছায়া পড়েছিল নিরাপত্তা ব্যবস্থায়। ঘন ঘন ওয়াচ টাওয়ার, দুহাত অন্তর অন্তর পোশাকের ও সাদা পোশাকের পুলিশের নজরদারি ছিল চোখে পড়ার মত।

বিশ্বভারতীতে

গুরুনানক শিক্ষাকেন্দ্র

দেবায়ন, অর্পিতা : বিশ্বভারতীতে গুরুনানক দেব শিক্ষাকেন্দ্রের সূচনা হল। এই উদ্বোধন উপলক্ষে খ্যাতনামা সাংবাদিক ও রাজ্যসভার সদস্য ডঃ চন্দন মিত্র ও বিশ্বভারতীর উপাচার্য অধ্যাপক সুশান্ত দত্তগুপ্ত উপস্থিত ছিলেন। গত ১৯ জানুয়ারি এই উপলক্ষে ইতিহাস বিভাগের সেমিনার হলে 'গুরু নানক এবং অন্যান্য সমসাময়িক মনীষীদের ভাবনায় শান্তি ও সাধারণিকরণ' শীর্ষক একটি আলোচনাসভার আয়োজন করা হয়। প্রোভোস্ট ইন্দ্রানী মুখোপাধ্যায়, ইতিহাস বিভাগের প্রধান অধ্যাপক ভাস্করজ্যোতি বসু, অধ্যাপিকা ইন্দু বঙ্গ প্রমুখরা এই আলোচনা সভায় যোগদান করেন।

ডঃ মিত্র তাঁর বক্তব্যে গুরুনানকের এক ওমকার ও বিশ্বশান্তির ভাবনার যে আজকের সমাজে উপযোগিতা, তার উপর আলোকপাত করেন। তিনি পাঞ্জাব প্রদেশ ও শিখ সম্প্রদায়ের সাথে দীর্ঘ সম্পর্কের ব্যক্তিগত অভিজ্ঞতার স্মৃতিরোমন্বনও করেন। উপস্থিত সকলেই এই ধরণের পাঠ্যক্রম চালু করার প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেছেন। উপাচার্য এই কেন্দ্রের বাস্তবায়নের নেপথ্যে ইতিহাস বিভাগের অধ্যাপিকা ছন্দা চ্যাটার্জীর অক্লান্ত পরিশ্রমকে কৃতিত্ব দেন। নতুন এই কেন্দ্রে গুরুনানকের ধর্মভাবনা-সমাজভাবনা এবং রবীন্দ্রনাথের উপর গুরুনানক ও শিখ ধর্মের প্রভাব সম্পর্কিত বিবিধ বিষয়ে গবেষণা করা হবে বলে জানিয়েছেন অধ্যাপিকা চ্যাটার্জী।


নাট্যোৎসব

আয়োজনে কালিন্দী নাট্যসৃজন

মনামী, সুপ্রীতি : শান্তিনিকেতনে অনুষ্ঠিত হল নাট্যোৎসব। কলকাতার কালিন্দী নাট্যসৃজন সংস্থার পঞ্চদশ বর্ষপূর্তি উপলক্ষে এই উৎসবটির আয়োজন করা হয়। ৩১ জানুয়ারি থেকে চারদিন ব্যাপি এই উৎসবটি অনুষ্ঠিত হয় শান্তিনিকেতনের লিপিকা প্রেক্ষাগৃহে। উৎসবের উদ্বোধন করেন বিশ্বভারতীর প্রোভোস্ট অধ্যাপিকা ইন্দ্রানী মুখোপাধ্যায় এবং অতিথি হিসাবে উপস্থিত ছিলেন অধ্যাপক বিশ্বজিৎ রায়। প্রথমদিকে শান্তিনিকেতনের নাট্যদল 'স্বাপনা' ও আগরপাড়ার নাট্যদল 'মঞ্চদূত' যথাক্রমে 'ফেরতচাই' এবং 'কেউ একা নয়' নামক নাটক দুটি মঞ্চস্থ করে। দ্বিতীয় দিন কালিন্দী

নাট্যসৃজন সংস্থা পরিচালিত 'শাহেনশা ও হরিপদ' নাটকটি অভিনীত হয়। বিল্ললাল চট্টোপাধ্যায় পরিচালিত এই নাটকটি বিশেষভাবে দর্শকের মন কাড়ে। তৃতীয়দিনে পুনরায় শান্তিনিকেতনের 'স্বাপনা' ও আগরপাড়ার 'মঞ্চদূত' সংস্থাদুটি তাদের পরিচালিত 'ফেরা' ও 'নাটকের গান' নাটক দুটি মঞ্চস্থ করে। শেষদিন কালিন্দী নাট্যসৃজন সংস্থার 'ফেরা আওয়ারস' নাটকটি মঞ্চস্থ হয়। এই নাটকে বর্তমান সমাজের হারিয়ে যাওয়া নৈতিকমূল্যবোধকে তুলে ধরা হয়েছে। এই নাট্যোৎসব যথেষ্টভাবে দর্শকদের প্রশংসা অর্জন করে এবং উৎসবের চারদিনই দর্শক আসন ছিল উল্লেখযোগ্য ভাবে পরিপূর্ণ।

পৌষমেলা ২০১৪-র কিছু মুহূর্ত



ছবি : সাগরিকা

তুলনামূলক সাহিত্য

সুমিত্রা, বহিঃশিক্ষা : যে কোনো অনুবাদকের অনুবাদের বিষয়বস্তু ও তার অনুভূতির প্রতি দায়বদ্ধতা থাকা জরুরি। ভাষাভবনে উপস্থিত ভাষাবিদরা প্রায় প্রত্যেকেই এই কথা বললেন। ৬ ও ৭ ফেব্রুয়ারি এই দুদিন ব্যাপী হওয়া 'এক্সপ্লোরিং দ্য হোম এন্ড দ্য ওয়ার্ল্ড : রবীন্দ্রনাথ অ্যান্ড কমপ্যারিটিভ লিটারেচার' শীর্ষক আলোচনা সভায় এসে অমিয় দেব, অভীক মজুমদার, হিমালী ব্যানার্জী, সায়ন্তন দাশগুপ্তের মত বিশিষ্ট শিক্ষাবিদরা প্রায় সকলেই একথা স্বীকার করেন যে অনুবাদক যদি লেখকের অনুভূতির কথা মাথায় রেখে অনুবাদ করেন, লেখকের সাথে অনুভূতির পার্থক্য কমাতে চেষ্টা করেন, তবেই তিনি শ্রেষ্ঠত্বের অধিকারী।

বিভাগের সেমিনার

বিশ্বভারতীর উপাচার্য অধ্যাপক সুশান্ত দত্তগুপ্ত এই অনুষ্ঠানের সূচনা করেন। অনুষ্ঠানে বিশ্বভারতীর তুলনামূলক সাহিত্য বিভাগের প্রধান, প্রোভোস্ট অধ্যাপিকা তপতী মুখোপাধ্যায় বলেন যে বিভিন্ন ভাষায় রবীন্দ্রনাথের রচনা অনুবাদ করা হচ্ছে, তিনি আশা করেন বাংলা ভাষার অন্যান্য সাহিত্যও বিভিন্ন ভাষায় অনুবাদ করা হবে এবং সাথে সাথে যারা বাংলা ছাড়া অন্য ভাষা জানেন না তাদের জন্য অন্য ভাষার বইও ভবিষ্যতে বাংলায় অনূদিত হবে। এই প্রসঙ্গে ভাষাভবনের অধ্যক্ষ রামেশ্বর মিশ্র শতবর্ষ উপলক্ষে তাঁর 'গীতাঞ্জলি'-র হিন্দী অনুবাদের উদাহরণ তুলে ধরেন।

Kala-Bhavana's Nandan Mela 2014

Lokesh, Monami, Pritha : Like every year, Nandan Mela, the annual art fair was organised by the students of Kala Bhavana in their campus on 1 – 2 December. The mela was held for the first time in 1973, to commemorate Shilpacharya Nandalal Basu's birth anniversary. Various intricate and exquisite artefacts made by the teachers and students of Kala Bhavana were put on display as well as offered for



Photo : Anjanabha

sale. Earthen-ware, ornaments of brass, batik clothes, pouches and scarves, hand-made cards, calendars and showpieces were also offered for sale. Apart from the display of artefacts, the installations, put up at various points of the fair ground were praiseworthy. Alongside, the students also performed live folk and fusion based musical concerts and dances, which further added color to the fair.

Editorial Advisors Prof. (Dr.) Biplab Loha Chowdhury Dr. Mausumi Bhattacharyya Ms. Sanhita Chatterjee
Editorial Board Anjanabha Roy Debayan Bhadury Lokesh Chakma Sagarika Basu
Editorial Co-ordinator Seema Chakraborty
Management Amrita Bose Soumita Chowdhury Srawani Saha
Co-ordinator Chandranath Bandopadhyay
Assistance Amar Prasad Shaw Hiranmoy Banerjee Mahadeb Mondal